

উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের সাথে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' প্রাপ্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সৌজন্য সাক্ষাৎ



২৫ জুলাই-২০১৮ 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭' প্রদান অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মনোনীত শিক্ষার্থীদের মাঝে স্বর্ণপদক প্রদান করেন। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছয়জন শিক্ষার্থী 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' লাভ করেন।

প্রধানমন্ত্রী স্বর্ণপদকপ্রাপ্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ২৬ জুলাই-২০১৮, বৃহস্পতিবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অন্যান্য শিক্ষক এবং স্বর্ণপদক প্রাপ্ত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



২৫ জুলাই-২০১৮, বুধবার প্রধানমন্ত্রী স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা ট্রেজারার অধ্যাপকমোঃ সেলিম ভূঁইয়া-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছিলেন।

উল্লেখ্য, স্নাতক পর্যায়ে অনুষদ ভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্তির ভিত্তিতে ২০১৭ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে ইসলামিক স্টাডিজ বিভাগের মোহাম্মদ সালাউদ্দিন, বিজনেজ স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে ফিন্যান্স বিভাগের ইসরাত জাহান প্রিয়া, বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে পরিসংখ্যান বিভাগের শমরিতা দাস, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে সমাজকর্ম বিভাগের হ্যাপি কবির, আইন অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে আইন বিভাগের খান নাসহিদ হাসান এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে মাইক্রোবায়োলজি বিভাগের সালমা আক্তার সুইটি প্রধানমন্ত্রী স্বর্ণপদক লাভ করেন।